

Total number of printed pages – 7

63 (FY)SEM-3/MIN/BENMIN2014

2025

**BENGALI**

Paper : BENMIN2014

**(Eighteenth Century Selected Text-1)**

Full Marks : 70

Pass Marks : 28

Time : Three hours

**The figures in the margin indicate full marks for the questions.**

১। নিম্নলিখিত প্রশ্নগুলির শুদ্ধ উত্তরটি নির্বাচন করো :

১×১০=১০

(ক) ‘মৈমনসিংহ গীতিকা’-র সংগ্রাহক কে?

(i) বসন্তরঞ্জন রায় বিদ্বদ্বল্লভ

(ii) চন্দ্রকুমার দে

(iii) হরপ্রসাদ শাস্ত্রী

(iv) কমলাকান্ত ভট্টাচার্য

(খ) 'ভাব্যা চিন্তা নাম রাখল মহুয়া সুন্দরী' – কে নাম রেখেছিল?

- (i) হুমরা
- (ii) মাইনকিয়া
- (iii) হুমরার স্ত্রী
- (iv) পালঙ্ক সই

(গ) 'চন্দ্রাবতী' গীতিকাটির রচনাকার কে?

- (i) নয়ানচাঁদ ঘোষ
- (ii) দামোদর
- (iii) শ্রীনাথ বেনিয়া
- (iv) দ্বিজকানাই

(ঘ) কেনারামের বাবার নাম কী?

- (i) দ্বিজকানাই
- (ii) দ্বিজ খেলারাম
- (iii) দ্বিজ মাধব
- (iv) হীরাম

(ঙ) 'মৈমনসিংহ গীতিকা'র কোন পালাটিতে প্রণয় সম্পর্কের কথা ফুটে ওঠেনি?

- (i) মহুয়া
- (ii) দস্যু কেনারামের পালা
- (iii) কঙ্ক ও লীলা
- (iv) চন্দ্রাবতী

(চ) সৈয়দ আলাওল কোন শতাব্দীতে বর্তমান ছিলেন?

- (i) সপ্তদশ শতাব্দী
- (ii) চতুর্দশ শতাব্দী
- (iii) পঞ্চদশ শতাব্দী
- (iv) অষ্টাদশ শতাব্দী

(ছ) গজপতি কোন রাজ্যের রাজা ছিলেন?

- (i) গৌড়
- (ii) উড়িষ্যা
- (iii) চিতোর
- (iv) আরাবন

(জ) রত্নসেনের প্রথমা স্ত্রীর নাম কী ছিল?

- (i) পদ্মাবতী
- (ii) নাগমতি
- (iii) চম্পাবতী
- (iv) লীলাবতী

(ঝ) মালিক মুহম্মদ জায়সী রচিত গ্রন্থটি কোন ভাষায় লেখা হয়েছিল?

- (i) উর্দু
- (ii) সংস্কৃত
- (iii) অবধী হিন্দি
- (iv) প্রাকৃত

(ঞ) পদ্মাবতীর পালিত শুক পাখিটির নাম কী ছিল?

- (i) হীরামণি
- (ii) নয়নমণি
- (iii) হীরাবতী
- (iv) চাঁদমণি

২। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : (যে-কোনো পাঁচটি)  $২ \times ৫ = ১০$

(ক) গর্গের পালিত দুটি গোরুর নাম লেখো।

(খ) 'লজ্জা নাই নির্লজ্জ ঠাকুর লজ্জা নাই রে তর।  
গলায় \_\_\_\_\_ বাইন্দা \_\_\_\_\_ ডুব্যা মর।।'

(শূন্যস্থান পূর্ণ করো।)

(গ) কঙ্কের জন্মদাত্রী মা-বাবার নাম কী?

(ঘ) 'রানী হইল দাসী আর দাসী হইল রাণী।'

— কে দাসী হল এবং কে রাণী হল?

(ঙ) ব্রাহ্মণ শুকপাখিকে কত টাকার বিনিময়ে কার কাছে বিক্রি করেছিলেন?

(চ) 'সপ্তদ্বীপ পৃথিবীর কহে সব নর'—সপ্তদ্বীপের মধ্যে যে-কোনো দুটি দ্বীপের নাম উল্লেখ করো।

(ছ) 'উপবনে নানা ভাষে বোলে নানা পক্ষী'—সিংহল দ্বীপের রাজ উদ্যানে বিচরণ করা দুটি পাখির নাম উল্লেখ করো।

৩। যে-কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও :  $৫ \times ৬ = ৩০$

(ক) 'চন্দ্রাবতী' পালায় পত্র লেখার গুরুত্ব আলোচনা করো।

(খ) টীকা লেখো : কঙ্কন দাসী

(গ) 'মহুয়া' গীতিকা অবলম্বনে বেদেদের জীবনযাত্রার পরিচয় দাও।

(ঘ) 'কাজলরেখা' অবলম্বনে সূচ রাজার চরিত্রটি বিস্তৃত করো।

(ঙ) 'কঙ্ক ও লীলা' অবলম্বনে কঙ্ক চরিত্রটি বিস্তৃত করো।

(চ) শুকপাখি হীরামনের কার্যকলাপ সংক্ষেপে বর্ণনা করো।

(ছ) সিংহল দ্বীপের রাজউদ্যান, রাজসভা ও নগরের বর্ণনা দাও।

(জ) 'গুরু শুক সঙ্গতি করিয়া মহারাজ।

চলিল সিংহল দ্বীপে সিদ্ধি হৈতে কাজ।।'

— কোন কার্য সিদ্ধি করতে রাজা রত্নসেন সিংহল দ্বীপে যাত্রা করেছিলেন?

(ঝ) 'প্রিয়তমা লাগি যদি তেজিমু জীবন।

জন্মান্তরে পাইমু মুঞি সে চন্দ্রবদন।।'

— রাজা রত্নসেন জীবন ত্যাগ করার সিদ্ধান্ত কেন নিয়েছিলেন বর্ণনা করো।

৪। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :  $১০ \times ২ = ২০$

(ক) 'কাজলরেখা' পালায় পাখির ভূমিকা আলোচনা করো।

(খ) 'মৈমনসিংহ গীতিকা'র অন্তর্গত 'মহুয়া' ও 'মলুয়া' গীতিকা দুটির নায়িকাদের একটি তুলনামূলক আলোচনা প্রস্তুত করো।

(গ) 'পদ্মাবতী' কাব্যের কবি প্রতিভার পরিচয় দাও।

(ঘ) 'পদ্মাবতী' চরিত্রটি চিত্রণ করো।